PL507 (Rev 3)

ম্যাটারনিটি লীভের (বাচ্চার জন্মের সময়কার ছুটির) পরিবর্তন

একটি মৌলিক সংক্ষিপ্তসার

যে সব বাবা/মা কাজ করেন, তাদের সাহায্য করতে কেন্দ্রীয় সরকার বদ্ধপরিকর। **যে সব মহিলাদের বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহ (EWC) 6ই এপ্রিল 2003 অথবা তার পরে শুরু হচ্ছে, তারা এই নতুন ম্যাটারনিটি লীভ্ সংক্রান্ত অধিকারের সুবিধাগুলি পাবেন।**

সেই একই সময়ে কেন্দ্রীয় সরকার, দত্তক নেওয়া ও প্যাটারনিটি লীভ্-এর (নতুন বাবাদের ছুটির) সময় মাইনা পাওয়ার অধিকারের প্রচলন করছে। পেরেন্টাল লীভ্ (বাবা-মা হিসাবে ছুটি পাওয়া) এবং নির্ভরশীলদের জন্য ছুটি পাওয়ার যে অধিকারগুলি বর্তমানে আছে, তার সাথে এই নতুন অধিকারগুলি, ব্যবসার কার্যকরতার সঙ্গে যেমন মানিয়ে চলতে পারবে ও ব্যবসার পক্ষে ভাল হবে, তেমনই কাজ এবং পারিবারিক জীবনের মধ্যে সমতা রক্ষা করার জন্য বাবা-মাদের আগের থেকে বেশী সুযোগ দেবে।

ম্যাটারনিটি লীভ্ সম্বন্ধে এই প্রচারপত্রটিতে (লিফলেটে) মৌলিক উপদেশ দেওয়া হয়েছে - বাচ্চার জন্ম হওয়ার আগে সেবা পাওয়ার জন্য মায়ের কাজের থেকে ছাড় পাওয়ার অধিকার, জন্মের পরে দুই সপ্তাহ বাধ্যতামূলক ম্যাটারনিটি লীভ্, গর্ভবতী মায়ের স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত সাময়িক ব্যবস্থা, এবং গর্ভাবস্থার জন্য ক্ষতিকারক ব্যবহারের হাত থেকে রক্ষা পাওয়ার অধিকার সমেত গর্ভাবস্থা ও বাচ্চার জন্ম সংক্রান্ত অনেক অধিকার এবং দায়িত্বের কোন পরিবর্তন করা হয়নি। এই প্রচারপত্রে পরিবর্তনগুলি সম্বন্ধে বিস্তারিতভাবে বলার চেষ্টা করা হয়নি এবং এটাকে আইনের প্রমাণবাক্য হিসাবে ধরে নেওয়া উচিত নয়।

এই প্রচারপত্রটির সর্বাধুনিক সংস্করণ www.dti.gov.uk/er/matleafr.htm ঠিকানায় ইন্টারনেট-এ (আন্তর্জালে) পাওয়া যায়। বর্তমান এবং নতুন অধিকার সম্বন্ধে আরও বিস্তারিত নির্দেশ, *ম্যাটারনিটি রাইটস্ (PL958 - Maternity rights)* www.dti.gov.uk/er/maternity.htm ঠিকানায় অথবা ডিটিআই পাব্লিকেশনস্-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায় (যোগাযোগ করা সংক্রান্ত তথ্য 'আরও তথ্য' অংশে দেওয়া হয়েছে)।

নিয়োগ সংক্রান্ত বিষয়গুলি সম্বন্ধে আরও তথ্যের জন্য www.dti.gov.uk/er ঠিকানায় দেখবেন।

ফেব্রুয়ারী 2003

ম্যাটারনিটি লীভের (বাচ্চার জন্মের সময়কার ছুটির) পরিবর্তন

2003 সালের 6ই এপ্রিল বা তার পরে যে সব মহিলারা তাদের বাচ্চার জন্ম হবে বলে আশা করছেন, তাদের এবং তাদের নিয়োগকারীদের এই পরিবর্তিত এবং সরল করা ম্যাটারনিটি লীভের অধিকারের ফলে উপকার হবে।

শুরু করার তারিখ

যে সব মহিলাদের বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহ (EWC) 6ই এপ্রিল 2003 অথবা তার পরে শুরু হচ্ছে, তারা এই নতুন ম্যাটারনিটি লীভের ব্যবস্থার সুবিধাটা পাবেন।

যে সব মহিলাদের বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহ (EWC) 6ই এপ্রিল 2003 অথবা তার পরে শুরু হচ্ছে, প্রত্যাশিত সময়ের আগে তাদের বাচ্চার জন্ম হলেও তারা এই নতুন ম্যাটারনিটি লীভের ব্যবস্থার সুবিধা পাবেন।

যে সব মহিলাদের বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহ (EWC) 6ই এপ্রিল 2003-এর আগে, প্রত্যাশিত সময়ের পরে তাদের বাচ্চার জন্ম 6ই এপ্রিল 2003 বা তার পরে হলেও, তাদের ক্ষেত্রে এই নতুন ম্যাটারনিটি লীভের ব্যবস্থার সুবিধা প্রযোজ্য হবে না।

ম্যাটারনিটি লীভের মেয়াদ

সাধারণ ম্যাটারনিটি লীভের মেয়াদ বাড়ানো হয়েছে এবং গর্ভবতী কর্মচারীরা তাদের নিয়োগকারীর জন্য কতদিন কাজ করেছেন তার ওপর নির্ভর না করেই তাদের 26 সপ্তাহের **সাধারণ ম্যাটারনিটি লীভ্** পাওয়ার অধিকার আছে।

সাধারণ ম্যাটারনিটি লীভের জন্য সাধারণতঃ মাইনা দেওয়া হয়।

যে সব মহিলা তাদের বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহের (EWC-এর) আগের 14 নম্বর সপ্তাহ আরম্ভ হওয়ার সময় তাদের নিয়োগকারীর জন্য একটানা 26 সপ্তাহ কাজ করেছেন, তারা **অতিরিক্ত ম্যাটারনিটি লীভ্** নিতে পারবেন। এই অতিরিক্ত ম্যাটারনিটি লীভ্, সাধারণ ম্যাটারনিটি লীভ্ শেষ হওয়ার সাথে সাথেই শুরু হয়ে আরও 26 সপ্তাহ ধরে চলবে।

অতিরিক্ত ম্যাটারনিটি লীভের জন্য সাধারণতঃ মাইনা দেওয়া হয় না, যদিও, একজন মহিলার অতিরিক্ত ম্যাটারনিটি লীভের সময় চুক্তি অনুযায়ী মাইনা পাওয়ার অধিকার থাকতে পারে।

ম্যাটারনিটি লীভ্ নেওয়ার ইচ্ছা জানানো

যদি সেটা যুক্তিসঙ্গতভাবে করা অসম্ভব না হয়, তাহলে একজন গর্ভবতী কর্মচারীর ম্যাটারনিটি লীভ্ নেওয়ার ইচ্ছার কথা তার বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহের আগের 15 নম্বর সপ্তাহ শেষ হওয়ার আগে তার নিয়োগকারীকে জানাতে হবে। নিয়োগকারীকে তার অবশ্যই জানাতে হবে যে:

- তিনি গর্ভবতী
- কোন সপ্তাহে তার বাচ্চার জন্ম হবে বলে তিনি আশা করছেন

- কবে থেকে তিনি তার ম্যাটারনিটি লীভ্ শুরু করতে চান।

নিয়োগকারীকে অন্ততঃ 28 দিন আগে জানালে, তার ম্যাটারনিটি লীভ্ শুরু করার তারিখ সম্বন্ধে একজন মহিলা তার মত পরিবর্তন করতে পারেন (যদি সেটা যুক্তিসঙ্গতভাবে করা অসম্ভব না হয়)।

একজন মহিলা তার ছুটি নেওয়ার পরিকল্পনার কথা জানানোর 28 দিনের মধ্যে নিয়োগকারীদের তার উত্তর দিতে হবে, যদি না সেই মহিলা জানানো তারিখটা পরিবর্তন করে থাকেন। সেই সব ক্ষেত্রে, ম্যাটারনিটি লীভ্ শুরু হওয়ার 28 দিনের মধ্যে নিয়োগকারীকে উত্তর দিতে হবে। সেই কর্মচারী যদি তার প্রাপ্য ম্যাটারনিটি লীভের পুরোটাই নেন, তাহলে কত তারিখে সেই মহিলা আবার কাজে ফিরে আসবেন বলে আশা করা হচ্ছে তা জানিয়ে, নিয়োগকারীকে অবশ্যই একটা চিঠি লিখতে হবে। নিয়োগকারীদের ব্যবহারের জন্য (যদি তারা ব্যবহার করতে চান) এই চিঠির একটা নমুনা *ম্যাটারনিটি রাইটস্* (PL958 - *Maternity rights - বাচ্চার জন্ম হওয়ার সময়কার অধিকারগুলি*) নামের প্রচারপত্রে দেওয়া হয়েছে। এই প্রচারপত্রটি *www.dti.gov.uk/er/maternity.htm* ঠিকানায় অথবা ডিটিআই পাব্লিকেশনস্-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায় (যোগাযোগ করা সংক্রান্ত তথ্য 'আরও তথ্য' অংশে দেওয়া হয়েছে)। একজন মহিলা কত তাড়াতাড়ি তার ম্যাটারনিটি লীভ্ শুরু করতে পারবেন সেই নিয়মের কোন পরিবর্তন হয়নি - এখনও, সবচেয়ে তাড়াতড়ি ম্যাটারনিটি লীভ্ শুরু করার তারিখ হচ্ছে সন্তানের জন্মের প্রত্যাশিত তারিখের আগের 11 নম্বর সপ্তাহের আরম্ভে।

ম্যাটারনিটি লীভের পরে কাজে ফিরে আসা

একজন মহিলার সাধারণ ম্যাটারনিটি লীভ্ শেষ হওয়ার আগে, তার কত তারিখে তার বাচ্চার জন্ম হয়েছে এবং অতিরিক্ত ম্যাটারনিটি লীভের মেয়াদ শেষ হয়ে গেলে তিনি ফিরে আসতে চান কিনা, তা নিয়োগকারীর জানতে চাওয়ার ব্যবস্থা এখন আর নেই। এর মানে হচ্ছে যে, একজন মহিলা যদি তার প্রাপ্য ম্যাটারনিটি লীভের মেয়াদ সম্পূর্ণ করার পরে ফিরে আসতে চান, তাহলে তার নিয়োগকারীকে তার আর কিছু জানাতে হবে না।

একজন কর্মচারী যদি তার ম্যাটারনিটি লীভের মেয়াদ শেষ হওয়ার **আগেই** কাজে ফিরে আসতে চান, তাহলে তিনি কত তারিখে কাজে ফিরে আসতে চান তা তার নিয়োগকারীকে সেই তারিখের 28 দিন আগে জানিয়ে দিতে হবে।

সিক্‌নেস্ ট্রিগার (অসুস্থতার জন্য আরম্ভ হয়ে যাওয়া)

ম্যাটারনিটি লীভ্ শুরু করার তারিখ তিনি যাই দিয়ে থাকুন না কেন, একজন মহিলা যদি তার বাচ্চার জন্মের প্রত্যাশিত তারিখের আগের 4 সপ্তাহের মধ্যে গর্ভাবস্থা সংক্রান্ত অসুস্থতার জন্য কাজে না আসতে পারেন, তাহলে, আপনা থেকেই তার ম্যাটারনিটি লীভ্ শুরু হয়ে যাবে।

অন্যান্য পরিবর্তন

স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে এবং ম্যাটারনিটি এ্যালাওয়েন্স

ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এ্যান্ড পেন্‌শনস্, স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে (SMP) এবং ম্যাটারনিটি এ্যালাওয়েন্সে (MA) কিছু পরিবর্তন করছে। এর মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে (SMP) ও ম্যাটারনিটি এ্যালাওয়েন্স

(MA) পাওয়ার সময়ের মেয়াদ বাড়ানো এবং দেওয়া অর্থের পরিমাণ বাড়ানো।

যে সব মহিলাদের বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহ (EWC) 6ই এপ্রিল 2003 অথবা তার পরে শুরু হচ্ছে, তারা 26 সপ্তাহের জন্য স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে (SMP) ও ম্যাটারনিটি এ্যালাওয়েন্স (MA) পাবেন।

যে সব মহিলাদের বাচ্চার জন্মের প্রত্যাশিত সপ্তাহ (EWC) 6ই এপ্রিল 2003 অথবা তার পরে শুরু হচ্ছে, প্রত্যাশিত সময়ের আগে তাদের বাচ্চার জন্ম হলেও তারা 26 সপ্তাহের জন্য স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে (SMP) ও ম্যাটারনিটি এ্যালাওয়েন্স (MA) পাবেন।

2003 সালের 6ই এপ্রিল থেকে স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে ও ম্যাটারনিটি এ্যালাওয়েন্সের সাধারণ হার বর্তমানের সপ্তাহে £75 থেকে বেড়ে সপ্তাহে £100 (অথবা, একজন মহিলার গড়পড়তা সাপ্তাহিক আয় £100-এর কম হলে, তার সেই আয়ের 90%) হবে। স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে পাওয়ার প্রথম 6 সপ্তাহের জন্য প্রযোজ্য, বর্তমান আয়-ভিত্তিক হারের (গড়পড়তা সাপ্তাহিক আয়ের 90%) কোন পরিবর্তন করা হয়নি।

2003 সালের 6ই এপ্রিল যে সব মহিলারা সেই সময় স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে ও ম্যাটারনিটি এ্যালাওয়েন্স পাবেন, তাদের বাচ্চার প্রত্যাশিত জন্মের সময় যাই হোক না কেন অথবা বাড়ানো নতুন মেয়াদের জন্য তারা এগুলি পাওয়ার যোগ্য হন বা নাই হন, তাদের সকলের ক্ষেত্রেই থেকে এই নতুন সাধারণ হার প্রযোজ্য হবে। বর্তমানের £75 সাপ্তাহিক হার 2003 সালের 5ই এপ্রিল পর্যন্ত প্রযোজ্য।

এই পরিবর্তনগুলি সম্পূর্ণভাবে প্রচলন করার পরে, মহিলাদের প্রাপ্য হবে হয়:

- তাদের নিয়োগকারীদের থেকে 6 সপ্তাহের জন্য তাদের আয়ের 90% মূল্যের স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে, এবং তার পরের 20 সপ্তাহ ধরে সপ্তাহে £100 করে (অথবা, গড়পড়তা সাপ্তাহিক আয় £100-এর কম হলে, পুরো 26 সপ্তাহ ধরে তার সেই আয়ের 90%)।

অথবা

- তাদের স্থানীয় জবসেন্টার প্লাস/সোশাল সিকিওরিটি অফিস থেকে 26 সপ্তাহের জন্য সপ্তাহে £100 মূল্যের ম্যাটারনিটি এ্যালাওয়েন্স (অথবা, গড়পড়তা সাপ্তাহিক আয় £100-এর কম হলে, পুরো 26 সপ্তাহ ধরে তার সেই আয়ের 90%)।

পরিবর্তিত স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে ও ম্যাটারনিটি এ্যালাওয়েন্স প্রকল্পগুলি সম্বন্ধে সম্পূর্ণ তথ্য NI17A প্রচারপত্রে (অক্টোবর 2002 সংস্করণ) পাওয়া যাবে। এই প্রচারপত্রটি আপনার স্থানীয় জবসেন্টার প্লাস/সোশাল সিকিওরিটি অফিস থেকে পাওয়া যায়। নিচের ঠিকানায় ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এ্যান্ড পেন্‌শনস্-এর ওয়েবসাইট থেকেও এই তথ্যগুলি পাওয়া যাবে:
www.dwp.gov.uk/lifeevent/famchild/fc_expecting_a_baby.htm

বর্তমান স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে ও ম্যাটারনিটি এ্যালাওয়েন্স প্রকল্পগুলি সম্বন্ধে সম্পূর্ণ তথ্য NI17A প্রচারপত্রে (এপ্রিল 2001 সংস্করণ) পাওয়া যাবে। একই ঠিকানায় ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এ্যান্ড পেন্‌শনস্-এর ওয়েবসাইট থেকেও এই তথ্যগুলি পাওয়া যাবে।

তাছাড়াও, স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে প্রকল্প সম্বন্ধে নিয়োগকারীদের জন্য আরও তথ্য ইন্‌ল্যান্ড রেভেনিউর সাহায্যের বই ই15 *পে এ্যান্ড টাইম অফ্ ওয়ার্ক ফর পেরেন্টস্ (E15 - Pay and time off work for parents - বাবা-মাদের কাজ থেকে ছাড় পাওয়া ও মাইনা পাওয়া)* (08457 646 646 থেকে কপি পাওয়া যায়)। আরও সাহায্যের জন্য 0845 714 3143 নম্বরে নিয়েগকারীদের সাহায্যের লাইনে টেলিফোন করবেন।

দেওয়া অর্থ নিয়োগকারীদের ফেরত পাওয়া

স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে (SMP) ফেরত পাওয়ার বর্তমান ব্যবস্থা বহাল থাকবে - তাদের দেওয়া অর্থের 92% নিয়োগকারীরা ফেরত পেতে পারবেন এবং যারা স্মল এম্‌প্লয়ারস্ রিলিফ পাওয়ার উপযুক্ত, তারা 100% ফেরত পেতে পারবেন এবং সেই সাথে স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে-এর ওপরে দেওয়া ন্যাশনাল ইন্‌সিওরেন্স কন্ট্রিবিউশনের নিয়োগকারীদের অংশের জন্য ক্ষতিপূরণ হিসাবে একটা অতিরিক্ত পরিমাণ দাবি করতে পারবেন।

তাছাড়াও, এই নতুন ব্যবস্থা অনুযায়ী, যে সব নিয়োগকারীদের প্রয়োজন আছে, তারা স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে দেওয়ার জন্য ইন্‌ল্যান্ড রেভেনিউর কাছ থেকে অগ্রিম অর্থসংস্থান পেতে পারেন।

পারিবারিক সুবিধা সংক্রান্ত অন্যান্য অধিকার

পছন্দ অনুযায়ী অন্যভাবে (ফ্লেক্সিবল্‌ভাবে) কাজ করার জন্য অনুরোধ জানানোর অধিকার

অল্পবয়সী, অথবা প্রতিবন্ধী ছেলেমেয়েদের বাবা-মায়েদের পছন্দ অনুযায়ী অন্যভাবে কাজ করার অনুরোধ জানানোর একটা নতুন অধিকারের প্রবর্তন করা হচ্ছে। 2003 সালের এপ্রিল মাস থেকে, যে সব বাবা-মায়ের ছয় বছরের কম বয়সী ছেলেমেয়ে আছে অথবা আঠার বছরের কম বয়সী প্রতিবন্ধী ছেলেমেয়ে আছে, তারা যোগ্য হওয়ার মত উপযুক্ত সময় সেই চাকরীতে কাজ করে থাকলে, তাদের পছন্দমত অন্যভাবে কাজ করার জন্য অনুরোধ জানানোর অধিকার আছে। তাদের এই অনুরোধ গুরুত্বের সাথে বিবেচনা করে দেখার জন্য, নিয়োগকারীদের একটা আইনগত কর্তব্য থাকবে।

ফ্লেক্সিবল্ ওয়ার্কিং - দা রাইট টু এ্যাপ্লাই (PL516 - Flexible working - the right to apply - পছন্দ অনুযায়ী অন্যভাবে কাজ করার অনুরোধ জানানোর অধিকার) সম্বন্ধে মৌলিক তথ্যের একটা প্রচারপত্র, www.dti.gov.uk/er/individual/flexible-pl516.htm ঠিকানায় অথবা ডিটিআই পাব্‌লিকেশনস্-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায় (যোগাযোগ করা সংক্রান্ত তথ্য 'আরও তথ্য' অংশে দেওয়া হয়েছে)।

মাইনা সমেত প্যাটারনিটি লীভ্ (বাচ্চার জন্মের সময় বাবাদের ছুটি) পাওয়ার অধিকার

প্যাটারনিটি লীভ্ ও মাইনা পাওয়ার একটা অধিকারের প্রবর্তন করা হচ্ছে। নতুন বাচ্চার দেখাশোনা করা এবং মাকে সাহায্য করার জন্য যোগ্য কর্মচারীরা দুই সপ্তাহ পর্যন্ত মাইনা সমেত ছুটি নিতে পারবেন। 2003 সালের 6ই এপ্রিল বা তার পরে যাদের বাচ্চার জন্ম হবে অথবা জন্ম হবে বলে আশা করা হচ্ছে, সেই সব কর্মচারীদের এই অধিকার থাকবে।

প্যাটারনিটি লীভ্ এ্যান্ড পে (PL514 - Paternity leave and pay - বাচ্চার জন্মের পরে বাবার ছুটি ও মাইনা পাওয়া) সম্বন্ধে মৌলিক তথ্যের একটা প্রচারপত্র এবং একটা বিস্তারিত নির্দেশিকা *ওয়ার্কিং ফাদারস্ - রাইট টু লীভ্ এ্যান্ড*

পে (*PL517 - Working fathers - right to leave and pay - কর্মরত বাবাদের - ছুটি ও মাইনা পাওয়ার অধিকার*), *www.dti.gov.uk/er/paternity.htm* ঠিকানায় অথবা ডিটিআই পাব্‌লিকেশনস্‌-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায় (যোগাযোগ করা সংক্রান্ত তথ্য 'আরও তথ্য' অংশে দেওয়া হয়েছে)।

যে সব বাবা-মা দত্তক নিচ্ছেন তাদের মাইনা সমেত ছুটি পাওয়ার অধিকার

এ্যাডপ্‌শন লীভ্‌ (দত্তক নেওয়া সংক্রান্ত ছুটি) ও মাইনা পাওয়ার একটা অধিকারের প্রবর্তন করা হচ্ছে। যে সব ব্যক্তিরা দত্তক নিচ্ছেন অথবা যে সব ক্ষেত্রে একটি দম্পতি যৌথভাবে দত্তক নিচ্ছেন, সেই সব ক্ষেত্রে সেই দম্পতির মধ্যে একজনের এই অধিকার থাকবে। সেই দম্পতির অন্যজনের অথবা যিনি দত্তক নিচ্ছেন তার সঙ্গীর প্যাটারনিটি লীভ্‌ ও মাইনা পাওয়ার অধিকারেরও প্রবর্তন করা হচ্ছে। 2003 সালের 6ই এপ্রিল বা তার পরে যাদের কাছে দত্তক সন্তানকে দেওয়া হবে, সেই সব কর্মচারীদের এই এ্যাডপ্‌শন ও প্যাটারনিটি লীভ্‌ ও মাইনা পাওয়ার অধিকারের সুবিধা পাবেন।

এ্যাডপ্টীভ্‌ পেরেন্টস্‌: রাইটস্‌ টু লীভ্‌ এ্যান্ড পে (PL515 - Adoptive parents: rights to leave and pay - বাচ্চা দত্তক নেওয়ার পরে দত্তক বাবা ও মায়ের ছুটি ও মাইনা পাওয়া) (URN 02/1099) সম্বন্ধে মৌলিক তথ্যের একটা প্রচারপত্র, *www.dti.gov.uk/er/individual/adopt-pl515.htm* ঠিকানায় অথবা ডিটিআই পাব্‌লিকেশনস্‌-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায় (যোগাযোগ করা সংক্রান্ত তথ্য 'আরও তথ্য' অংশে দেওয়া হয়েছে)।

নির্ভরশীলদের জন্য বাবা-মায়েদের ছুটি ও সময় পাওয়ার অধিকার

কর্মচারীরা - বাবারা এবং মায়েরা, এরা দুজনেই - যারা তাদের নিয়োগকারীদের সাথে এক বছর কাজ করেছেন, তাদের ছেলেমেয়ের দেখাশোনা করার জন্য ইতিমধ্যেই তাদের 13 সপ্তাহ (বিনা মাইনায়) পেরেন্টাল লীভ্‌ (বাবা/মা হিসাবে ছুটি) পাওয়ার অধিকার আছে। বাচ্চার জন্ম তারিখের থেকে 5 বছরের মধ্যে অথবা দত্তক নেওয়ার ক্ষেত্রে বাচ্চা তাদের সাথে থাকতে আসার তারিখের পাঁচ বছরের মধ্যে (অথবা সেই বাচ্চার 18 বছরের জন্মদিনের মধ্যে, যদি সেটা আগে হয়) এই পেরেন্টাল লীভ্‌ নেওয়া যেতে পারে।

যোগ্য হওয়ার মত উপযুক্ত কাল চাকরী করে থাকলে, প্রতিবন্ধী ছেলেমেয়েদের 18 বছরের জন্মদিন পর্যন্ত, তাদের বাবা-মায়েদের, 18 সপ্তাহ (আগে এটা 13 সপ্তাহ ছিল) পেরেন্টাল লীভ্‌ প্রাপ্য হয়।

নির্ভরশীলদের সংক্রান্ত কোন জরুরী অবস্থায় অথবা কোন অপ্রত্যাশিত পরিস্থিতিতে, সব কর্মচারীরাই একটা পরিমিত সময় কাজের থেকে ছুটি পেতে (বিনা মাইনায়) পারেন।

পেরেন্টাল লীভ্‌ (PL509 - Parental leave - বাবা/মা হিসাবে ছুটি পাওয়া) সম্বন্ধে সম্পূর্ণ নির্দেশিকা, www.dti.gov.uk/er/individual/parental.pdf ঠিকানায় অথবা ডিটিআই পাব্‌লিকেশনস্‌-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায়।

টাইম অফ্‌ ফর ডিপেন্ডেন্টস্‌ (URN 99/1186 - *Time off for dependants - নির্ভরশীলদের জন্য ছুটি নেওয়া*) সম্বন্ধে মৌলিক তথ্যের একটা প্রচারপত্র, www.dti.gov.uk/er//time_off_deps.htm ঠিকানায় অথবা ডিটিআই পাব্‌লিকেশনস্‌-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায় (যোগাযোগ করা সংক্রান্ত তথ্য 'আরও তথ্য' অংশে দেওয়া হয়েছে)।

আরও তথ্য

- নিয়োগকারী এবং কর্মচারী এই দুই পক্ষই ডিটিআই-এর ইন্টারএ্যাক্টিভ্ নির্দেশের সাইটটা (www.tiger.gov.uk) ব্যবহার করে, কতটা প্যাটারনিটি ও ম্যাটারনিটি লীভ্ ও মাইনা প্রাপ্য তা হিসাব করে দেখতে পারেন।

- এই প্রচারপত্রে দেওয়া নির্দেশের পুস্তিকাগুলি 0870 1502 500 নম্বরে ডিটিআই পাব্লিকেশনস্-এর অর্ডারলাইন থেকে পাওয়া যায় অথবা *www.dti.gov.uk/publications* ঠিকানায় ইন্টারনেটে অর্ডার দেওয়া যেতে পারে।

- ইন্ল্যান্ড রেভেনিউ-এর (*www.inlandrevenue.gov.uk/employers*) কাছ থেকে স্ট্যাটুটরী ম্যাটারনিটি পে (SMP) সম্বন্ধে নিয়োগকারীরা আরও তথ্য পেতে পারেন। আরও তথ্যের জন্য নিয়োগকারীরা 0845 714 3143 নম্বরে, নিয়োগকারীদের সাহায্যের লাইনে টেলিফোন করতে পারেন।

- নতুন অধিকারগুলি সমেত চাকরী সংক্রান্ত আইনের ব্যাপারে আরও উপদেশ এবং তার সাথে ভাল পদ্ধতি সম্বন্ধে নির্দেশ একাস-এর (ACAS) থেকে (*www.acas.org.uk*) অথবা তাদের দেশব্যাপী সাহায্যের লাইনে টেলিফোন (08457 47 47 47) করলে পাওয়া যাবে।

- চাকরী সংক্রান্ত আইনের পরিবর্তনগুলি সম্বন্ধে জানানোর জন্য এবং মনে করিয়ে দেওয়ার জন্য ছোট আয়তনের ব্যবসাগুলি *www.businesslink.org* ঠিকানায় রেজিস্টার করতে (নাম লেখাতে) পারে। তাছাড়াও, ছোট আয়তনের ব্যবসাগুলির জন্য অনেক রকমের সাহায্য পাওয়া যায়।

- সাধারণতঃ এ্যাকাউন্ট্যান্টরা, সিটিজেনস্ এ্যাড্ভাইস ব্যুরো, নিয়োগকারীদের প্রতিষ্ঠানগুলি, আইন সংক্রান্ত উপদেষ্টা, লো পে ইউনিটগুলি, ট্রেড ইউনিয়নগুলি এবং কিছু বেসরকারী ও স্বেচ্ছাসেবী সংস্থা, চাকরী সংক্রান্ত আইনের সব বিষয়গুলি সম্বন্ধে তথ্য সরবরাহ করতে পারে।